

ইঞ্জিনিয়ার চৌধুরী মোহাম্মদ মাহসীন ফাউন্ডেশন

ফর হিউম্যান রিসোর্সেস ডেভেলপমেন্ট

গ্রামঃ বটতলী, ডাকনংঃ ফতেয়াবাদ, থানাঃ হাটহাজারী, জেলাঃ চট্টগ্রাম।

সূত্রঃ ইটোমেক্স/শিক্ষাবৃত্তি-২০২৪-২০২৫/২০২৪ (৩০)

তারিখঃ ১০/০৩/২০২৪

বিজ্ঞপ্তি

শিক্ষাবৃত্তি- ২০২৪-২০২৫

"ইঞ্জিনিয়ার চৌধুরী মোহাম্মদ মাহসীন ফাউন্ডেশন ফর হিউম্যান রিসোর্সেস ডেভেলপমেন্ট" একটি মানব সম্পদ উন্নয়ন সেবামূলক প্রতিষ্ঠান। এটি বিগত ২২ শে জানুয়ারী, ২০০৭ ইং সালে নিবন্ধিত হয়েছে এবং প্রারম্ভিক কার্যক্রম সম্পন্ন করে ২৪ শে মার্চ, ২০০৭ ইং থেকে যাত্রা শুরু করেছে। প্রতি বছরের ন্যায়, এ বছরও ফাউন্ডেশন, সরকার ও সরকারী প্রতিষ্ঠান কর্তৃক স্থাপিত এবং পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহ হতে স্নাতক এবং স্নাতকোত্তর পর্যায়ে অধ্যয়নের জন্য চট্টগ্রাম জেলার শুপুরা হাটহাজারী উপজেলার স্থায়ী বাসিন্দা ও মেধাবী অর্থ আর্থিক সাহায্যের প্রয়োজন রয়েছে, এমন ছাত্র-ছাত্রীদেরকে মাসিক শিক্ষাবৃত্তি এবং শিক্ষা বছরের শুরুতে ভর্তি ও শিক্ষা উপকরণ সংগ্রহের জন্য এককালীন আর্থিক সহায়তা প্রদান করবে। এই পরাবাহিকতায়, বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত এবং স্বীকৃত পাবলিক শিক্ষা প্রতিষ্ঠানসমূহের অধীনে স্নাতক এবং স্নাতকোত্তর পর্যায়ে অধ্যয়নরত (তৃতীয় শ্রেণী প্রাপ্ত শিক্ষার্থী ব্যতীত) চট্টগ্রাম জেলার শুপুরা হাটহাজারী উপজেলার স্থায়ী বাসিন্দাদের থেকে ফাউন্ডেশন এর অফিসে প্রাপ্ত নির্ধারিত হোক/করমে ২০২৪-২০২৫ ইং শিক্ষাবর্ষের জন্য আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। এই শিক্ষাবৃত্তি এক বছরের জন্য প্রাথমিকভাবে বন্ধ্য থাকবে, যা পরবর্তীতে প্রতি বছর পরীক্ষার ফলাফলের ভিত্তিতে নবায়ন করা হবে শিক্ষাকাল বলবৎ থাকা পর্যন্ত। উল্লেখ্য যে, সাধারণত গৃহীত জুলাই থেকে পরবর্তী বছরের ৩০ শে জুন পর্যন্ত শিক্ষাবৃত্তির বার্ষিক মেয়াদ নির্ধারিত আছে।

এই বিজ্ঞপ্তি সরকার কর্তৃক প্রতিষ্ঠিত সকল কলেজ, বিশ্ববিদ্যালয়ে প্রেরণ করা হয়েছে। উক্ত বিজ্ঞপ্তি অনুসারে আবেদন করার জন্য শিক্ষার্থীরা অত্র অফিস থেকে প্রাপ্ত ফরম পূরণের মাধ্যমে সরাসরি তালিকায় এসে আবেদন করতে পারবে। আবেদনপত্র সমূহ বাচাই-বাচাই পূর্বক, আবেদনকারীদের মৌখিক পরীক্ষার জন্য আমন্ত্রণ জানানো হবে। মৌখিক পরীক্ষার সম্ভাব্য তারিখ আগামী ২০ জুন, ২০২৪।

আবেদনপত্র পাঠানোর শেষ তারিখ ও সময় : ৩১শে মে ২০২৪, বিকাল ৫ ঘটিকা পর্যন্ত।

প্রয়োজনীয় কাগজপত্রাদি:

- দুই কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রফিদ ছবি।
- স্থায়ী ঠিকানার ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত জাতীয়তা সনদপত্র।
- মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও স্নাতক (সম্মান) পরীক্ষা সমূহের মূল মার্কসীট এর সত্যায়িত ফটোকপি।
- জাতীয় পরিচয় পত্রের ফটোকপি (যদি থাকে)।
- আবেদনকারীর সঙ্গে সম্পর্ক উল্লেখ পূর্বক তৃতীয় একজন ব্যক্তির নাম, ঠিকানা ও মোবাইল নম্বর।
- স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে ভর্তির রশিদ ও শিক্ষার্থীর পরিচয় পত্রের (প্রতিষ্ঠান কর্তৃক প্রাপ্ত) সত্যায়িত ফটোকপি।

নং- ভর্তি/এস-১০/রে- ৭০৫৩ (২০)

তারিখঃ ২৪.০৩.২০২৪

অনুলিপিঃ-

- সকল বিভাগীয় প্রধান, বা.প্র.বি., ঢাকা -(বিভাগীয় নোটিশ বোর্ডে দেয়ার ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- সকল হন প্রভোস্ট, বা.প্র.বি., ঢাকা -(হলের নোটিশ বোর্ডে দেয়ার ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- পরিচালক, সকল ইনস্টিটিউট, বা. প্র. বি., ঢাকা -(নোটিশ বোর্ডে দেয়ার ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- পরিচালক, আই.সি.টি সেল, বা.প্র.বি., ঢাকা- (ওয়েব সাইটে এচারের অনুরোধসহ)
- বিশ্ববিদ্যালয় নোটিশ বোর্ড, বা.প্র.বি., ঢাকা।
- ভিসি মহোদয়ের একান্ত সচিব, বা.প্র.বি., ঢাকা (ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- প্রো-ভিসি মহোদয়ের একান্ত সচিব, বা.প্র.বি., ঢাকা (প্রো-ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য)।